গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন বিপণন ও সম্প্রসারণ শাখা
জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭, ঢাকা।

স্মারক: ৩২.০৪.০০০০,০০০,০০১,৪০.২২৪.১৯-০৩ তারিখ: ১০/০২/২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে ৭ দিনব্যাপী অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহণের জন্য নারী উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান।**

আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭ (পুরাতন), ঢাকায়। আগামী ০৮-১৪ মার্চ, ২০২৬ তারিখে ৭ (সাত) দিনব্যাপী "জয়িতা ঈদ মেলা" অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী নারী উদ্যোক্তাগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। জয়িতা মেলায় দেশীয় ঐতিহ্যবাহী পোশাক, হস্ত ও কারুশিল্প ও স্বল্প সংখ্যক খাবারের স্টল থাকবে।

১২। আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে আয়োজিতব্য মেলায় জয়িতার নিবন্ধিত নারী উদ্যোক্তাদের অংশগ্রহণের জন্য আগামী ২২/০২/২০২৬ তারিখের মধ্যে উল্লিখিত শর্তাবলীপূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মেলায় নিম্নোক্তভাবে আবেদন করা যাবে:

| | |
|---|---|
| আবেদন ফরম প্রাপ্তি স্থান | ১। জয়িতা ফাউন্ডেশনের ওয়েবসাইট: (https://joyeeta.portal.gov.bd)<br><br>২। জয়িতা ফাউন্ডেশন কার্যালয়, জয়িতা টাওয়ার (৯ম তলা), বাড়ি নং- ২০/এ (নতুন), রোড নং-২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯। |
| আবেদনপত্র জমা প্রদানের ঠিকানা | জয়িতা টাওয়ার (৮ম তলা), বাড়ি নং- ২০/এ (নতুন), রোড নং-২৭, ধানমন্ডি, ঢাকা-১২০৭। |
| আবেদন জমার শেষ তারিখ | ২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) |
| মেলার সময়কাল | ০৮-১৪ মার্চ, ২০২৬ (৭ দিন ব্যাপী) সকাল ১০.০০ ঘটিকা থেকে রাত ০৮.০০ ঘটিকা পর্যন্ত। |
| অংশগ্রহণ ফি | ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা। |

১০.২.২০২৬
মো: নজরুল ইসলাম
পরিচালক-৩
জয়িতা ফাউন্ডেশন।

বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
২) সহকারী পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
৩) কমন সার্ভিসেস অফিসার (সকল), জয়িতা ফাউন্ডেশন।
৪) প্রোগ্রামার (জয়িতা ফাউন্ডেশনের ফেইসবুক পেইজ ও ওয়েবসাইটে আপলোডের জন্য)।
৫) পিএ টু ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) অফিস কপি।

# নির্দেশাবলী

১) আবেদনকারীর জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তা নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি, সদ্য তোলা ২ কপি ছবি (পার্সপোর্ট-১ স্ট্যাম্প-১) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

২) আগামী ২২/০২/২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম পূরণ করে হার্ডকপি ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন বরাবর জমা দিতে হবে;

৩) বাছাইকৃত আবেদনপত্রের মধ্য হতে লটারীর মাধ্যমে মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;

৪) বরাদ্দপ্রাপ্ত উদ্যোক্তাগণকে ২ কার্যদিবসের মধ্যে অংশগ্রহণ ফি বাবদ নগদ ১০,০০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার জয়িতা ফাউন্ডেশনের বিপণন ও সম্প্রসারণ শাখায় জমা প্রদান করতে হবে অন্যথায় অপেক্ষমাণ তালিকা হতে স্টল বরাদ্দ প্রদান করা হবে;

৫) চূড়ান্ত স্টল বরাদ্দ প্রাপ্ত নারী উদ্যোক্তাগনকে তাদের পণ্যের নমুনা (Sample) কর্তৃপক্ষকে প্রদর্শন করবে।

৬) মেলায় প্রদর্শন/বিক্রয়ের ক্ষেত্রে পণ্যের গায়ে অবশ্যই উদ্যোক্তার নিজস্ব প্রতিষ্ঠানের লেবেল ও ট্যাগ থাকতে হবে:

৭) মেলায় নিজস্ব উৎপাদিত ও প্রক্রিয়াজাত পণ্য বিপণন করতে হবে এবং প্রদর্শিত পণ্য মানসম্মত হতে হবে; পণ্যের গুণগত মান ঠিক নেই অথবা সরাসরি বাজার থেকে কেনা বা নিম্নমানের পণ্য বিক্রয় করলে জয়িতা ফাউন্ডেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়া স্টল বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

৮) জয়িতা ফাউন্ডেশন ১টি টেবিল ও ১টি চেয়ার ব্যবহারের জন্য সরবরাহ করবে। এছাড়া মেলা চলাকালীন অন্যান্য সেলফ/আলনা অনুমোদন সাপেক্ষে উদ্যোক্তাগণ নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করতে পারবে;

৯) মেলায় স্ব স্ব স্টলের উদ্যোক্তা ব্যতীত অন্য কোন বিক্রয়কর্মী/প্রতিনিধি থাকলে তার জীবন বৃত্তান্ত এবং সাথে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন ও ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে;

১০) মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ পণ্য বিপণন ও প্রদর্শনের জন্য বিক্রয় প্রতিনিধি মনোনয়ন ও তাদের খরচাদি উদ্যোক্তাগণ নিজ ব্যবস্থাপনায় সম্পন্ন করবেন;

১১) মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের নিজ ব্যবস্থাপনায় মালামাল পরিবহন করতে হবে;

১২) স্ব স্ব স্টলের মালামাল নিজ ব্যবস্থাপনায় প্রদর্শন, রক্ষনাবেক্ষণ ও নিজ দায়িত্বে গুছিয়ে রাখতে হবে;

১৩) উল্লিখিত শর্তসমূহের কোন ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ বরাদ্দকৃত স্পেস/স্টল কোনরুপ নোটিশ প্রদান ব্যতিরেকে বাতিল করতে পারবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন
জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭, ঢাকা।

## ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে ০৮-১৪ মার্চ, ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য জয়িতা ঈদ মেলা-২০২৬ এর

### আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১ | উদ্যোক্তার নাম | বাংলায় | |
| | | ইংরেজীতে | |
| ২ | ঠিকানা | | |
| ৩ | প্রতিষ্ঠানের নাম | বাংলায় | |
| | | ইংরেজীতে | |
| ৪ | জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তা নিবন্ধন নম্বর | | |
| ৫ | ট্রেড লাইসেন্স নম্বর (যদি থাকে) | | |
| ৬ | টিআইএন (TIN) নম্বর (যদি থাকে) | | |
| ৭ | মোবাইল নম্বরঃ | ই-মেইলঃ | ওয়েবসাইটঃ (যদি থাকে) |
| | | | |
| ৮ | বিক্রয় প্রতিনিধির নাম ও মোবাইল নম্বর | | |
| ৯ | পণ্য/সেবার ধরন | | |
| ১০ | মেলায় অংশগ্রহণ ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা (পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে) | | |

২। জয়িতা ফাউন্ডেশন কর্তৃপক্ষ মেলা সংক্রান্ত যেকোন পরিবর্তন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আবেদনকারীর স্বাক্ষর

| | |
|---|---|
| নাম | |
| তারিখ | |